

# চুয়েটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

চুয়েট সংবাদদাতা

২০ ফেব্রুয়ারি, ২০২৫  
০৯:৩৫

শেয়ার

অ +

অ -



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) স্নাতক প্রথম বর্ষের (শিক্ষাবর্ষ-২০২৪-২৫) ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে হয়েছে। বৃহস্পতিবার চুয়েটের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে এই ফলাফল প্রকাশিত হয়।

আরো পড়ুন



## একনজরে আজকের কালের কণ্ঠ (২০ ফেব্রুয়ারি)

জানা যায়, ১১টি সংরক্ষিত আসনসহ চুয়েটের ৯৩১টি আসনের বিপরীতে মোট ২০ হাজার ১২২ জন পরীক্ষার্থী ছিলেন। ভর্তি পরীক্ষাটি 'ক' গ্রুপ (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) এবং 'খ' গ্রুপ (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) দুইটি গ্রুপে অনুষ্ঠিত হয়।

এর মধ্যে 'ক' গ্রুপে মোট ১৮ হাজার ৪৮১ জন এবং 'খ' গ্রুপে মোট ১ হাজার ৬৪১ জন পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়। যার মধ্যে চুয়েট কেন্দ্রে অংশ নেন শিক্ষার্থীদের ৮৭ শতাংশ। সবমিলিয়ে মোট উপস্থিত ভর্তিচ্ছুর হার ছিল ৮২.৩ শতাংশ।

### আরো পড়ুন



বৃহস্পতিবার রাজধানীর যেসব মার্কেট বন্ধ

উল্লেখ্য, চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্য থেকে 'ক' গ্রুপের মেধাতালিকার প্রথম ১৫০০ জনকে ও 'খ' গ্রুপের মেধাতালিকার প্রথম ১০০ জনকে আগামী ৯ এপ্রিল ভর্তি কার্যক্রম সম্পন্নর জন্যে ডাকা হয়েছে।

প্রথম ধাপে ভর্তির পর সিট খালি থাকা সাপেক্ষে পরবর্তী মেধা তালিকায় থাকা শিক্ষার্থীদের ভর্তির জন্য ডাকা হবে বলে জানা যায়।